সংবাদ

তারিখ 20 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ৭৯ কলেজের স্বীকৃতি বাতিল

নিজস্ব বার্তা পরিবেশক

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (এইচএসসি) কোন শিক্ষার্থী পাস করেনি এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী ভর্তি হয়নি- ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এমন ৭৯টি কলেজের পাঠদানের অনুমতি অর্থাৎ একাডেমিক স্বীকৃতি বাতিল করেছে শিক্ষা বোর্ড।

১৭ এপ্রিল ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন স্বাক্ষরিত এ সংক্রান্ত এক আদেশে এ তথ্য জানানো হয়।

ঢাকা বোর্ডের চেয়ারম্যানের অনুমোদিত ওই আদেশটি ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল কলেজে পাঠিয়ে দেয়া হয়েছে। একই সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানেও ওই আদেশের অনুলিপি পাঠানো হয়েছে।

আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৯৫তম সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বীকৃতি : পৃষ্ঠা : ২ ক : ১

## স্বীকৃতি : বাতিল

(১৬ পৃষ্ঠার পর)

যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী ভর্তি হয়নি, যেসব কলেজের কোন শিক্ষার্থী ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস করেনি, পরবর্তীতে এ সংক্রান্ত বিষয়ে বোর্ডের কারণ দর্শনো নোটিশের জবাব না দেয়ায় ও জবাব সন্তোষজনক না হওয়ায় সেসব শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি বাতিল করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
নথি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, ... | |
| চীফ ড.এল.পি ... | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর